

প্রশাসন ও পরিচালন, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জ্বালানি ও পরিবেশ সম্পর্কে কেন্দ্রীয় সচিবদের উপস্থাপনা প্রধানমন্ত্রীর কাছে

নয়াদিল্লি, ০৫ জানুয়ারি, ২০১৭

কেন্দ্রীয় সচিবদের তিনটি দল আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর কাছে প্রশাসন ও পরিচালন ক্ষেত্রে রূপান্তরমুখী পরিবর্তন সম্পর্কে তাঁদের চিন্তাভাবনার কথা তুলে ধরেন। সচিবদের উপস্থাপনায় বিশেষভাবে জোর দেওয়া হয় নাগরিক-কেন্দ্রিক পরিষেবা, ডিজিটাল অন্তর্ভুক্তি, উদ্ভাবন এবং আইনের সরলীকরণের ওপর। বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কে যে উপস্থাপনাটি পেশ করা হয় প্রধানমন্ত্রীর কাছে, তাতে শিক্ষার সুযোগ ও অধিকার, কর্মসংস্থান ও স্টার্টআপ এবং বৈজ্ঞানিক কাজকর্মকে সহজতর করে তোলার পন্থা-পদ্ধতি সম্পর্কে সচিবদের চিন্তাভাবনা প্রতিফলিত হয়। জ্বালানির উৎস এবং ব্যয়সাশ্রয়ী জ্বালানি সম্পর্কে সচিবদের প্রস্তাব ও পরামর্শ পেশ করা হয় জ্বালানি ও পরিবেশ বিষয়টির ওপর উপস্থাপনাকালে। প্রধানমন্ত্রীর সঙ্গে সচিবদের এই আলোচনা বৈঠকে উপস্থিত ছিলেন বিভিন্ন দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রী এবং নীতি আয়োগের আধিকারিকরা। সচিবদের পক্ষ থেকে এই নিয়ে এ পর্যন্ত চারটি উপস্থাপনা পেশ করা হল প্রশাসন ও পরিচালন সম্পর্কিত বিষয়ে।